

কওমে ছামূদ-এর উপরে আপতিত গযবের বিবরণ :

ইবনু কাছীর বর্ণনা করেন যে, হযরত ছালেহ (আঃ)-এর নিরন্তর দাওয়াতে অতিষ্ঠ হয়ে সম্প্রদায়ের নেতারা স্থির করল যে, তাঁর কাছে এমন একটা বিষয় দাবী করতে হবে, যা পূরণ করতে তিনি ব্যর্থ হবেন এবং এর ফলে তাঁর দাওয়াতও বন্ধ হয়ে যাবে। সেমতে তারা এসে তাঁর নিকটে দাবী করল যে, আপনি যদি আল্লাহর সত্যিকারের নবী হন, তাহ'লে আমাদেরকে নিকটবর্তী 'কাতেবা' পাহাড়ের ভিতর থেকে একটি দশ মাসের গর্ভবতী সবল ও স্বাস্থ্যবতী উষ্ট্রী বের করে এনে দেখান।

এ দাবী শুনে হযরত ছালেহ (আঃ) তাদের কাছ থেকে অঙ্গীকার নিলেন যে, যদি তোমাদের দাবী পূরণ করা হয়, তবে তোমরা

আমার নবুঅতের প্রতি ও আমার দাওয়াতের প্রতি ঈমান আনবে কি-না। জেনে রেখ, উক্ত মু'জেযা প্রদর্শনের পরেও যদি তোমরা ঈমান না আনো, তাহ'লে আল্লাহর গযবে তোমরা ধ্বংস হয়ে যাবে'। এতে সবাই স্বীকৃত হ'ল ও উক্ত মর্মে অঙ্গীকার করল। তখন ছালেহ (আঃ) ছালাতে দাঁড়িয়ে গেলেন এবং আল্লাহর নিকটে প্রার্থনা করলেন। আল্লাহ পাক তার দো'আ কবুল করলেন এবং বললেন, **إِنَّا مُرْسِلُونَ** 'আমরা তাদের পরীক্ষার জন্য একটি উষ্ট্রী প্রেরণ করব। তুমি তাদের প্রতি লক্ষ্য রাখ এবং ধৈর্য ধারণ কর' (ফামার ৫৪/২৭)। কিছুক্ষণের মধ্যেই পাহাড়ের গায়ে কম্পন দেখা দিল এবং একটি বিরাট প্রস্তর খন্ড বিস্ফোরিত হয়ে তার ভিতর থেকে কওমের নেতাদের দাবীর অনুরূপ একটি গর্ভবতী ও লাবণ্যবতী তরতায় উষ্ট্রী বেরিয়ে এল।

ছালেহ (আঃ)-এর এই বিস্ময়কর মু'জেযা
দেখে গোত্রের নেতা সহ তার সমর্থক লোকেরা
সাথে সাথে মুসলমান হয়ে গেল। অবশিষ্টরাও
হওয়ার আগ্রহ প্রকাশ করল। কিন্তু প্রধান
ধর্মনেতা ও অন্যান্য সমাজ নেতাদের বাধার
कारणे ह'ते पारल ना। तारा उल्टा बलल, قَالُوا
... اَطَّيْرُنَا بِكَ وَبِمَنْ مَعَكَ
তোমার সাথে যারা আছে তাদেরকে
অকল্যাণের প্রতীক মনে করি...' (নামল
২৭/৪৭)। হযরত ছালেহ (আঃ) কওমের
নেতাদের এভাবে অঙ্গীকার ভঙ্গ করতে দেখে
এবং পাল্টা তাঁকেই দায়ী করতে দেখে
দারুণভাবে শংকিত হ'লেন যে, যেকোন
সময়ে এরা আল্লাহর গযবে ধ্বংস হয়ে যাবে।
তিনি তাদেরকে সাবধান করে বললেন, قَالَ
- طَائِرُكُمْ عِنْدَ اللَّهِ بَلْ أَنْتُمْ قَوْمٌ تُفْتَنُونَ
মঙ্গলামঙ্গল আল্লাহর নিকটে রয়েছে। বরং
তোমরা এমন সম্প্রদায়, যাদেরকে পরীক্ষা

করা হচ্ছে' (নামল ২৭/৪৭)। অতঃপর
পয়গম্বরসুলভ দয়া প্রকাশ করে বললেন,

هَذِهِ نَاقَةُ اللَّهِ لَكُمْ آيَةٌ فَذَرُوهَا تَأْكُلْ فِي أَرْضِ اللَّهِ وَلَا تَمَسُّوهَا
- (٦٨ يسوءٍ فَيَأْخُذْكُمْ عَذَابٌ قَرِيبٌ - (هود

'এটি আল্লাহর উষ্ট্রী। তোমাদের জন্য নিদর্শন
স্বরূপ। একে আল্লাহর যমীনে স্বাধীনভাবে চরে
বেড়াতে দাও। সাবধান! একে অসৎ উদ্দেশ্যে
স্পর্শ করো না। তাহ'লে তোমাদেরকে সত্বর
যন্ত্রণাদায়ক শাস্তি পাকড়াও করবে' (হূদ
১১/৬৪)।

আল্লাহ উক্ত উষ্ট্রীর জন্য এবং লোকদের জন্য
পানি বণ্টন করে দিয়েছিলেন। তিনি নবীকে
বলে দেন,

نَبِّئُهُمْ أَنَّ الْمَاءَ قِسْمَةٌ بَيْنَهُمْ كُلُّ شِرْبٍ مُّخْتَصِرٌ

'হে ছালেহ! তুমি ওদেরকে বলে দাও যে,
কূপের পানি তাদের মধ্যে বণ্টিত হয়েছে।

প্রত্যেক পালায় তারা হাযির হবে' (ক্বামার ৫৪/২৮)।

لَهَا شِرْبٌ وَلَكُمْ شِرْبُ يَوْمٍ مَّعْلُومٍ-

'একদিন উষ্ট্রীর ও পরের দিন তোমাদের (পানি পানের) জন্য পালা নির্ধারিত হয়েছে' (ক্বামার ৫৪/২৮; শো'আরা ২৬/১৫৫)।

আল্লাহ তা'আলা কওমে ছামূদ-এর জন্য উক্ত উষ্ট্রীকেই সর্বশেষ পরীক্ষা হিসাবে নির্ধারণ করেছিলেন। তিনি বলেন,

وَآتَيْنَا ثَمُودَ النَّاقَةَ مُبْصِرَةً فَظَلَمُوا بِهَا وَمَا نُرْسِلُ بِالآيَاتِ إِلَّا تَخْوِيفًا-

'আর আমরা ছামূদকে উষ্ট্রী দিয়েছিলাম স্পষ্ট নিদর্শন হিসাবে। কিন্তু তারা তার প্রতি যুলুম করেছিল। বস্তুতঃ আমরা ভীতি প্রদর্শনের উদ্দেশ্যেই নিদর্শন সমূহ প্রেরণ করে থাকি' (ইসরা ১৭/৫৯)।

ছামূদ জাতির লোকেরা যে কূপ থেকে পানি পান করত ও তাদের গবাদি পশুদের পানি পান করাত, এ উষ্ট্রীও সেই কূপ থেকে পানি পান করত। উষ্ট্রী যেদিন পানি পান করত, সেদিন কূয়ার পানি নিঃশেষে পান করে ফেলত। অবশ্য ঐদিন লোকেরা উষ্ট্রীর দুধ পান করত এবং বাকী দুধ দ্বারা তাদের সব পাত্র ভরে নিত। কিন্তু এই হতভাগাদের কপালে এত সুখ সহ্য হ'ল না। তারা একদিন পানি না পাওয়াকে অসুবিধার কারণ হিসাবে গণ্য করল। তাছাড়া উষ্ট্রী যখন ময়দানে চরে বেড়াত, তখন তার বিশাল দেহ ও অপরূপ চেহারা দেখে অন্যান্য গবাদি পশু ভয় পেত। ফলে তারা উষ্ট্রীকে মেরে ফেলতে মনস্থ করল। কিন্তু আল্লাহর গযবের ভয়ে কেউ সাহস করল না।

ইবনু জারীর প্রমুখ মুফাসসিরগণের বর্ণনা মতে, অবশেষে শয়তান তাদেরকে সর্ববৃহৎ কুমন্ত্রণা দিল। আর তা হ'ল নারীর প্রলোভন। ছামূদ গোত্রের দু'জন পরমা সুন্দরী মহিলা, যারা ছালেহ (আঃ)-এর প্রতি দারুণ বিদ্বেষ্টা ছিল, তারা তাদের রূপ-যৌবন দেখিয়ে দু'জন পথভ্রষ্ট যুবককে উষ্ট্রী হত্যায় রাসী করালো। অতঃপর তারা তীর ও তরবারির আঘাতে উষ্ট্রীকে পা কেটে হত্যা করে ফেলল। হত্যাকারী যুবকদ্বয়ের প্রধানকে লক্ষ্য করেই কুরআনে বর্ণিত হয়েছে, **إِذِ انبَعَثَ أَشْقَاهَا** 'যখন তাদের সবচেয়ে হতভাগা লোকটি তৎপর হয়ে উঠেছিল' (শাম্‌স ৯১/১২)। রাসূলুল্লাহ (ছাঃ) একদা খুৎবায় উক্ত আয়াত পাঠ করে বলেন, ঐ লোকটি ছিল কঠোর হৃদয় ও দুশ্চরিত্র (رجل عزيز عارم)। [4] কেননা তার কারণেই গোটা ছামূদ জাতি গযবে পতিত হয়। আল্লাহ বলেন,

فَنَادُوا صَاحِبَهُمْ فَتَعَاطَى فَعَقَرَ، فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرٍ
-إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَاحِدَةً فَكَانُوا كَهَشِيمِ الْمُخْتَطِرِ-

‘অতঃপর তারা তাদের প্রধান ব্যক্তিকে ডাকল। অতঃপর সে উষ্ট্রীকে ধরল ও বধ করল’ (২৯)। ‘অতঃপর কেমন কঠোর ছিল আমার শাস্তি ও ভীতি প্রদর্শন! (৩০)। ‘আমরা তাদের প্রতি প্রেরণ করলাম একটিমাত্র নিনাদ। আর তাতেই তারা হয়ে গেল খোয়াড় মালিকের চূর্ণিত শুষ্ক খড়কুটো সদৃশ’ (ফামার ৫৪/২৯-৩১)।

উল্লেখ্য যে, উষ্ট্রী হত্যার ঘটনার পর ছালেহ (আঃ) স্বীয় কওমকে আল্লাহর নির্দেশ জানিয়ে দিলেন যে,

تَمَتُّعُوا فِي دَارِكُمْ ثَلَاثَةَ أَيَّامٍ ذَلِكَ وَعَدُّ غَيْرُ مَكْدُوبٍ-

‘এখন থেকে তিনদিন তোমরা তোমাদের ঘরে আরাম করে নাও (এর পরেই আযাব নেমে আসবে)। এ ওয়াদার (অর্থাৎ এ সময়সীমার)

কোন ব্যতিক্রম হবে না' (হূদ ১১/৬৫)। কিন্তু
এই হতভাগারা এরূপ কঠোর হুঁশিয়ারির কোন
গুরুত্ব না দিয়ে বরং তাচ্ছিল্যভরে বলল,

يَا صَالِحُ ائْتِنَا بِمَا تَعِدُنَا اِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِينَ

'হে ছালেহ! তুমি যার ভয় দেখাচ্ছ, তা নিয়ে
আস দেখি, যদি তুমি সত্যিকারের নবী হয়ে
থাক' (আ'রাফ ৭/৭৭)। তারা বলল, আমরা
জানতে চাই, এ শাস্তি কিভাবে আসবে,
কোথেকে আসবে, এর লক্ষণ কি হবে?

ছালেহ (আঃ) বললেন, আগামীকাল
বৃহস্পতিবার তোমাদের সকলের মুখমণ্ডল
হলুদ হয়ে যাবে। পরের দিন শুক্রবার
তোমাদের সবার মুখমণ্ডল লালবর্ণ ধারণ
করবে। অতঃপর শনিবার দিন সবার মুখমণ্ডল
ঘোর কৃষ্ণবর্ণ হয়ে যাবে। এটাই হবে তোমাদের
জীবনের শেষ দিন।[5]

একথা শোনার পর হঠকারী জাতি আল্লাহর নিকটে তওবা করে ক্ষমা প্রার্থনার পরিবর্তে স্বয়ং ছালেহ (আঃ)-কেই হত্যা করার সিদ্ধান্ত নেয়। তারা ভাবল, যদি আযাব এসেই যায়, তবে তার আগে একেই শেষ করে দিই। কেননা এর নবুঅতকে অস্বীকার করার কারণেই গযব আসছে। অতএব এই ব্যক্তিই গযবের জন্য মূলতঃ দায়ী। আর যদি গযব না আসে, তাহ'লে সে মিথ্যার দন্ড ভোগ করুক'। কওমের নয়জন নেতা এ নিকৃষ্ট ষড়যন্ত্রের নেতৃত্ব দেয়। তাদের এই চক্রান্তের বিষয় সূরা নমলে বর্ণিত হয়েছে এভাবে যে,

وَكَانَ فِي الْمَدِينَةِ تِسْعَةُ رَهْطٍ يُفْسِدُونَ فِي الْأَرْضِ وَلَا يُصْلِحُونَ، قَالُوا تَقَاسَمُوا بِاللَّهِ لَنُبَيِّتَنَّهُ وَأَهْلَهُ ثُمَّ لَنَقُولَنَّ لِوَلِيِّهِ مَا شَهِدْنَا مَهْلِكَ أَهْلِهِ وَإِنَّا لَصَادِقُونَ- (نمل) 88-89

'সেই শহরে ছিল এমন নয় ব্যক্তি, যারা জনপদে অনর্থ সৃষ্টি করে বেড়াত এবং

কোনরূপ সংশোধনমূলক কাজ তারা করত না' (৪৮)। 'তারা বলল, তোমরা পরস্পরে আল্লাহর নামে শপথ কর যে, আমরা রাত্রিকালে ছালেহ ও তার পরিবার বর্গকে হত্যা করব। অতঃপর তার রক্তের দাবীদারকে আমরা বলে দেব যে, আমরা এ হত্যাকাণ্ড প্রত্যক্ষ করিনি। আর আমরা নিশ্চিতভাবে সত্যবাদী' (নমল ২৭/৪৮-৪৯)।

তারা যুক্তি দিল, আমরা আমাদের কথায় অবশ্যই সত্যবাদী প্রমাণিত হব। কারণ রাত্রির অন্ধকারে কে কাকে মেরেছে, তা আমরা নির্দিষ্টভাবে জানতে পারব না। নেতৃবৃন্দের এ সর্বসম্মত সিদ্ধান্ত ও চক্রান্ত অনুযায়ী নয় নেতা তাদের প্রধান ক্বাদার বিন সালেফ-এর নেতৃত্বে রাতের বেলা ছালেহ (আঃ)-কে হত্যা করার জন্য তাঁর বাড়ীর উদ্দেশ্যে রওয়ানা হ'ল। কিন্তু আল্লাহ তা'আলা পৃথিমধ্যেই

তাদেরকে প্রস্তর বর্ষণে ধ্বংস করে দিলেন।

আল্লাহ বলেন,

وَمَكْرُؤًا مَّكْرًا وَمَكْرَنَا مَكْرًا وَهُمْ لَا يَشْعُرُونَ، فَانظُرْ كَيْفَ
-٥٠ كَانَ عَاقِبَةُ مَكْرِهِمْ أَنَّا دَمَّرْنَا لَهُمْ وَقَوْمَهُمْ أَجْمَعِينَ- (نمل)
-٥١-

‘তারা ষড়যন্ত্র করল। আমরাও পাল্টা কৌশল করলাম। অথচ তারা কিছুই জানতে পারল না’। ‘তাদের চক্রান্তের পরিণতি দেখ। আমরা অবশ্যই তাদেরকে ও তাদের সম্প্রদায়ের সবাইকে ধ্বংস করে দিয়েছিলাম’ (নমল ২৭/৫০-৫১)।

উল্লেখ্য যে, কুরআনে ঐ নয় ব্যক্তিকে تِسْعَةُ رَهْطٍ বা ‘নয়টি দল’ বলা হয়েছে। এতে বুঝা যায় যে, ওরা নয়জন নয়টি দলের নেতা ছিল এবং তারা ছিল হিজ্রা জনপদের প্রধান নেতৃবৃন্দ (ইবনু কাছীর, সূরা নমল, ঐ)।

উপরোক্ত চক্রান্তের ঘটনায় একটি বিষয় লক্ষণীয় যে, জাতির শীর্ষ দুষ্টমতি নেতারা কুফর, শিরক, হত্যা-সন্ত্রাস ও ডাকাতি-লুণ্ঠনের মত জঘন্য অপরাধ সমূহ নির্বিবাদে করে গেলেও তারা তাদের জনগণের কাছে মিথ্যাবাদী সাব্যস্ত হ'তে রাযী ছিল না। আর তাই এক মিথ্যাকে ঢাকার জন্য শত মিথ্যার আশ্রয় নিতেও তারা কখনো কুণ্ঠাবোধ করে না।

যাই হোক নির্ধারিত দিনে গযব নাযিল হওয়ার প্রাক্কালেই আল্লাহর হুকুমে হযরত ছালেহ (আঃ) স্বীয় ঈমানদার সাথীগণকে নিয়ে এলাকা ত্যাগ করেন। যাওয়ার সময় তিনি স্বীয় কওমকে উদ্দেশ্য করে বলেন,

يَا قَوْمِ لَقَدْ أَبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّي وَنَصَحْتُ لَكُمْ وَلَكِنْ لَّا تُحِبُّونَ
النَّاصِحِينَ-

‘হে আমার জাতি! আমি তোমাদের কাছে স্বীয় পালনকর্তার পয়গাম পৌঁছে দিয়েছি এবং সর্বদা তোমাদের কল্যাণ কামনা করেছি। কিন্তু তোমরা তোমাদের কল্যাণকামীদের ভালবাসো না’ (আ’রাফ ৭/৭৯)।

[4]. মুসলিম, হা/২৮৫৫; কুরতুবী হা/৩১০৬; আ’রাফ ৭৭-৭৯; ইবনু কাছীর, ঐ।

[5]. তাফসীর ইবনু কাছীর, সূরা আ’রাফ ৭৭-৭৮।